

আজ এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু

যুগান্তর রিপোর্ট

আজ এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে। এবার সারা দেশে এইচএসসি, আলিম ও এইচএসসি ডেকোরনাদ, ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ ও বিএম (ব্যবসায় ব্যবস্থাপনা) এ নির্ঘোটে ১১ লাখ ৪১ হাজার ৩৭৪ জন শিক্ষার্থী পরীক্ষা দিচ্ছে। এবারের মোট পরীক্ষার্থীর মধ্যে নিম্নলিখিত ৯ লাখ ১৬ হাজার ৫৬৮ জন। এছাড়া এক বিষয়ে ফেল করা ১ লাখ ৩৩ হাজার ৪২৯ জন, দু'বিষয়ে ফেল করা ৪১ হাজার ৭৮১ জন এবং সব বিষয়ে ফেল করা ৪০ হাজার ৫৪৭ জন আর প্রাইভেট পরীক্ষার্থী রয়েছে ৫ হাজার ৩২৭ জন ও মানউন্নয়ন পরীক্ষার্থী ৩ হাজার ৭২২ জন। ড্রপ-আউট করেছে ২ লাখ ৯ হাজার ৯১৩ জন। পরীক্ষাকে সামনে রাখার নিজ দক্ষতায় এক সংবাদ সংস্থার আয়োজন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি জানান, নকলমুক্ত, শান্তিপূর্ণ ও সুষ্ঠু পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

শিক্ষামন্ত্রী বলেন, গত বছর এইচএসসি ও সমমানের পরীক্ষায় ১০ লাখ ১২ হাজার ৫৮১ জন অংশ নিয়েছিল। সেই হিসাবে এবার পরীক্ষার্থী বেড়েছে এক লাখ ২৮ হাজার ৭৯৩ জন। এবার সারা দেশে দুই হাজার ৩৫২টি কেন্দ্রে পরীক্ষায় বসবে আট হাজার ১০৪টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। গতবছরের চেয়ে এবার ৩০১টি শিক্ষা প্রতিষ্ঠান ও ৬৪টি পরীক্ষা কেন্দ্র বেড়েছে বলে জানান তিনি। এবার এইচএসসিতে ফেল : পৃষ্ঠা ১৪ : কলাম ১

শুরু : এইচএসসি ও সমমানের পরীক্ষা

(১ম পৃষ্ঠার পর)

আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে ৯ লাখ ২৪ হাজার ১৭১ জন, মজারিমা বোর্ডের অধীনে আলিমে ১ লাখ ৭ হাজার ৫৫৭ জন, কারিগরি বোর্ডের অধীনে এইচএসসিতে (বিএম, ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ ও ডেকোরনাদে) ১ লাখ ৪ হাজার ৬৬৯ জন এবং ঢাকা বোর্ডের অধীনে ডিআইবিএনে ৪ হাজার ৯৭৭ জন পরীক্ষা দিচ্ছে। মোট পরীক্ষার্থীর মধ্যে ৬ লাখ ৬ হাজার ২৯০ জন ছাত্র এবং ৫ লাখ ৩৫ হাজার ৮১ জন ছাত্রী। সাধারণ শিক্ষার আটটি বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে ৩ লাখ ৩৮ জন, রাজশাহীতে ১ লাখ ১৩ হাজার ৩৩৮ জন, কুমিল্লায় ১ লাখ ৪ হাজার ৪১৮ জন, ফরিদপুরে ১ লাখ ১৬ হাজার, ৭৫২ জন, চট্টগ্রামে ৭৭ হাজার ৭০৯ জন, বরিশালে ৫৫ হাজার ৭৪১ জন, সিলেটে ৫৭ হাজার ৮৮৮ জন, দিনাজপুরে ৯৮ হাজার ২৮৭ জন রয়েছে। ঢাকা বোর্ডের অধীনে এবারও বিদেশে ৫টি কেন্দ্রে পরীক্ষা নেয়া হবে। কেন্দ্র গুলো রয়েছে দোহা, আবুধাবি, জেদ্দা, রিয়াদ এবং ত্রিপুরাতে। এসব কেন্দ্রে মোট ২০২ জন পরীক্ষা দেবে।

শিক্ষামন্ত্রী জানান, এবারও পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে ফল প্রকাশ করা হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণে সবার সহযোগিতা কামনা করেন তিনি।

২৫ বিষয়ে সূজনশীলে প্রশ্ন : সংবাদ সংস্থার শিক্ষামন্ত্রী জানান, এবার বাংলা প্রথম পত্র, রসায়ন, পৌরনীতি, ব্যবসায় নীতি ও প্রয়োগ, জীববিজ্ঞান, পদার্থবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান, ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা, সমাজবিজ্ঞান এবং কম্পিউটার শিক্ষা প্রথম ও দ্বিতীয় পত্রসহ মোট ২৫টি বিষয়ে সূজনশীল পদ্ধতিতে পরীক্ষা হবে। এবার প্রথমবারের মতো কারিগরি বোর্ডের অধীনে মোট ৭ বিষয়ে সূজনশীলে প্রশ্ন থাকবে। এইচএসসিতে ২০১২ সালে বাংলা প্রথম পত্রের মাধ্যমে সূজনশীল প্রশ্নে পরীক্ষা শুরু হয়। শিক্ষামন্ত্রী দাবি করেন, সূজনশীলে প্রশ্নপত্রে পরীক্ষা নেয়ার ক্ষেত্রে কোনো সমস্যা নেই শিক্ষার্থীদের। তিনি অভিযোগদের উদ্দেশ্যে বলেন, 'জেদেমেয়েদের পিছু টেনে রাখবেন না। সূজনশীল পদ্ধতিতে পাঠ্যপুস্তক ভাবনোভাবে জানা হয়ে যায়।'